দৈনিক বাংলা

তারিখ 28 MAY 1993
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭ ...

১০৮

# ক্যাম্পাসে গুলি বোমা

স্টাফ রিপোর্টার : একদল সশস্ত্র তরুণ বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বেশ কয়েক রাউন্ড গুলিবর্ষণ করে। এতে কেউ হতাহত হয়নি। তবে ক্যাম্পাসে ছাত্রছাত্রীদের মধ্যে ভীতির সৃষ্টি হয়।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, দুপুর সোয়া ১টার দিকে ছাত্রদলের ইলিয়াস গ্রুপ সমর্থক কলাভবন এলাকায় সশস্ত্র মহড়া দেয়। তারা ৫/৬ রাউন্ড গুলিবর্ষণ করে।

(৭–এর পৃঃ ৫–এর কঃ দ্রঃ)

**ক্যাম্পাসে** (প্রথম পৃষ্ঠার পর)

পরে কলাভবন ত্যাগ করে কার্জন হলের দিকে চলে যায়। একই গ্রুপ বিকাল ৫টার দিকে কার্জন হল এলাকায় গুলি ও বোমাবাজি করে।

শহীদুল্লাহ হল ছাত্র সংসদের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মোঃ গোলাম ফারুক এক বিবৃতিতে ক্যাম্পাসে গুলিবর্ষণের জন্য ছাত্রদলের রতন গ্রুপের সন্ত্রাসীদের দায়ী করেছেন।